গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস, এপিএ ও সুশাসন শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) এর বাস্তবায়ন পর্যালোচনার নিমিত্ত নৈতিকতা কমিটির সভা'র কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ বি এম আমিন উল্লাহ নুরী<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। |
| তারিখ | : | ২৫ জুলাই, ২০২৩। |
| সময় | : | বেলা ৩.০০ ঘটিকা। |
| স্থান | : | এ বিভাগের সভা কক্ষ (হাইব্রিড পদ্ধতিতে)। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে ২০২৩-২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখার আহ্বান জানিয়ে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মুহাম্মদ কামরুল হাসানকে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করার জন্য আহ্বান জানান।

০২. শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার কার্যপত্র অনুসারে গত ১৬/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যবিবরণীর কোন অংশ সংশোধন না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হয়। অতঃপর তিনি বিগত ১৬/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর প্রথম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর, ২০২৩) বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে ইতোপূর্বে নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে। বিগত নৈতিকতা কমিটির সভার সকল সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়নের জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

০৩. বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভায় এ বিভাগের প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা উপস্থাপন করেন এবং উপস্থিত সদস্যবৃন্দ লক্ষ্যমাত্রাসমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। কার্যক্রম ১.৩ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২টি সভা আয়োজন করতে হবে। তন্মধ্যে ১টি সভা ঢাকার বাইরে বিভাগীয় শহরে আয়োজন করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনা রয়েছে। এ বিভাগের বিগত কয়েকটি অংশীজন সভা সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ) এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) এর কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছিল। এই বছরের ১টি সভা বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এ করা যেতে পারে মর্মে প্রস্তাব উপস্থাপিত হলে এ বিষয়ে চেয়ারম্যান, বিআরটিসিকে যথাসময়ে পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। কার্যক্রম ১.৪ এ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন এর বিষয়ে উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) চলতি ত্রৈমাসিকের মধ্যেই লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংশ্লিষ্ট প্রশিক্ষণ সম্পন্ন হবে মর্মে অবহিত করেন। কার্যক্রম ২.৪ এ বিভিন্ন প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন এবং কার্যক্রম ২.৫ এ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা প্রসঙ্গে সভাপতি বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সকলকে অনানুষ্ঠানিক নোট এর মাধ্যমে কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এ প্রসঙ্গে বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তাকে কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য ২০/০৭/২০২৩ খ্রিঃ তারিখে বিভিন্ন ইউ.ও নোটের মাধ্যমে অনুরোধ করা হয়েছে। কার্যক্রম ২.৫ এ বর্ণিত প্রকল্পের সম্পদ হস্তান্তর বিষয়ে যুগ্মসচিব, বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প ও রক্ষণাবেক্ষণ অধিশাখা সভাকে অবহিত করেন যে, প্রকল্পের সম্পদ হস্তান্তরের পূর্বে আইএমইডি হতে PCR নিতে হয়। অনেক ক্ষেত্র আইএমইডি হতে নির্ধারিত সময়ের মধ্যে PCR পাওয়া না যাওয়ার কারণে হস্তান্তর প্রক্রিয়া নির্ধারিত সময়ে সম্ভব হয় না। এ বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য সভায় আলোচিত হয়। সূচক ৩.৩ এ বর্ণিত অধিনস্ত দপ্তর, সংস্থার সেবা কার্যক্রমের উপর গণশুনানী আয়োজনের মাধ্যমে স্বচ্ছতা আনয়ন এর বিষয়ে আগামী সেপ্টেম্বর, ২০২৩ এ ডিএমটিসিএল, বিআরটিএ ও সওজ এর মধ্যে যে কোন দুটি সংস্থার সাথে ২টি গণশুনানী আয়োজন করা যেতে পারে মর্মে সভাপতি মতামত ব্যক্ত করেন। এছাড়া কার্যক্রম ৩.৪ এ বিআরটিসি বাসে ETC সিস্টেম চালুকরণ বিষয়ে জানতে চাইলে পরিচালক (অর্থ), বিআরটিসি সভাকে অবহিত করেন যে ডাচ বাংলা ব্যাংক লিমিটেড এর সাথে এ বিষয়ে আলোচনা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যেই লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৪.১ সড়ক ও জনপথ অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন NIS এর প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন চলমান রয়েছে। কার্যক্রম ১.৫ এ কর্ম-পরিবেশ উন্নয়ন এ লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের জন্য সভাপতি গুরুত্বারোপ করেন। সওজ প্রতিনিধি আরও উল্লেখ করেন যে কার্যক্রম ২.৪ এ প্রথম প্রান্তিকের নির্ধারিত ১৩৪টি PIC সভা আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। আশা করা যায় নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জিত হবে। সভাপতি NIS কর্মপরিকল্পনার কার্যক্রম ২.৫ এ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর এর বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার উপর পুনরায় গুরুত্বারোপ করেন। সূচক ৩.৩ এ "প্রধান প্রকৌশলী/মনোনীত প্রতিনিধি কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়নমূলক কাজ অনলাইনে/সরেজমিনে মনিটরিং" কার্যক্রমটি সংশোধনপূর্বক "প্রধান প্রকৌশলী/মনোনীত প্রতিনিধি কর্তৃক দৈবচয়ন ভিত্তিতে নির্বাচিত উন্নয়নমূলক কাজ অনলাইনে/সরেজমিনে মনিটরিং" করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অর্জিত হবে মর্মে সওজ প্রতিনিধি অভিমত ব্যক্ত করেন।

৪.২ বিআরটিএ'র জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সকল কার্যক্রম গৃহীত হয়েছে বলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিএ সভায় অবহিত করেন। সভাপতি কার্যক্রম ১.৫ কর্মপরিবেশ উন্নয়ন এ ৪র্থ শ্রেণীর কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধানের বিষয়টি যথাযথভাবে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। কার্যক্রম ৩.৩ এ ঢাকা ও চট্টগ্রাম মেট্রো সার্কেলগুলোতে বহিরাগতদের অপতৎপরতা রোধে অভিযান পরিচালনা বিষয়ে সভাপতি বাস্তবতার নিরীখে ড্রাইভিং লাইসেন্স গ্রহণের ক্ষেত্রে অনিয়ম প্রতিরোধে বহিরাগতদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনা করার উপর গুরুত্বারোপ করেন। কার্যক্রম ৩.৫ এ অবৈধ মোটর ড্রাইভিং স্কুলের বিরুদ্ধে অভিযান এর বিষয়ে সভাপতি জানতে চাইলে বিআরটিএ'র প্রতিনিধি জানান, বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক ভ্রাম্যমান আদালতের মাধ্যমে অভিযান পরিচালনা করা হচ্ছে। কার্যক্রম ৩.৬ এ হাইওয়েতে নিষিদ্ধ ঘোষিত/অযান্ত্রিক মোটরযানের বিরুদ্ধে অভিযান পরিচালনার ক্ষেত্রে জোরালোভাবে কার্যক্রমটি পরিচালনা করার জন্য সভাপতি গুরুত্বারোপ করেন।

৪.৩ বিআরটিসি'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম ১.১ এ নৈতিকতা কমিটির সভা আয়োজন এর ক্ষেত্রে ইতোমধ্যে ১টি সভা অনুষ্ঠিত হয়েছে। কার্যক্রম ১.৩ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (stakeholders) সভা আয়োজন বিষয়ে সভাপতি জানতে চাইলে বিআরটিসি'র প্রতিনিধি জানান যে নির্ধারিত সময়ের মধ্যে অংশীজন সভা অনুষ্ঠিত হবে। সূচক ৩.২ এ ভিজিলেন্স টিম কর্তৃক বিআরটিসি বাসে শুদ্ধাচার পর্যবেক্ষণ ও বাস্তবায়ন প্রতিবেদন কার্যক্রম বাস্তবায়ন ফলপ্রসু করার জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন। এ ক্ষেত্রে তিনি পরামর্শ প্রদান করেন যে প্রমাণক হিসেবে প্রথম প্রান্তিকের ১০টি প্রতিবেদন প্রেরণ করতে হবে। অতঃপর বিআরটিসি'র ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে কার্যক্রম ৩.৩ এ কল্যাণ তহবিল হতে কর্মকর্তা/কর্মচারীদের আর্থিক সহযোগিতা প্রদান করা সূচকে ১ম প্রান্তিকে ১০জনকে সহযোগিতা করা হবে। কার্যক্রম ৩.৫ এ অনলাইনে সিপি ফান্ড ও গ্র্যাচুইটির অর্থ বিতরণ এর ক্ষেত্রে ১ম প্রান্তিকে ১১৫ জনকে অর্থ প্রদান করা হবে। সভাপতি সূচক ৩.৬ এ অডিট আপত্তির জবাব প্রস্তুত কার্যক্রমের লক্ষ্যমাত্রা পরিবর্তন করে দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভার লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য পরামর্শ প্রদান করেন।

৪.৪ ডিটিসিএ'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে কার্যক্রম ১.১ এর প্রেক্ষিতে নৈতিকতা কমিটির সভা আয়োজন গত ১৯/০৭/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। কার্যক্রম ১.৩ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (stakeholders) সভা আয়োজন আগস্ট মাসে অনুষ্ঠিত হবে। এছাড়া প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। ডিটিসিএ'র প্রতিনিধি আরো জানান যে কার্যক্রম ৩.২ এ ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত পরিদর্শন কার্যক্রমে ১টি পরিদর্শনের মাধ্যমে মূলতঃ অনেকগুলি ভবন পরিদর্শন করা হয়। এ প্রসঙ্গে নির্বাহী পরিচালক, ডিটিসিএ সভাকে অবহিত করেন যে, ডিটিসিএ আইন-২০১২ এর ধারা ৯ (চ) অনুসারে ডিটিসিএ কর্তৃক কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নির্মিতব্য বহুতল ভবন ও আবাসিক প্রকল্পে যানবাহনের প্রবেশ, নির্গমন ও চলাচল (Traffic Circulation) সংক্রান্ত ছাড়পত্র প্রদান করা হয়। ছাড়পত্র প্রদানের পর নির্মাণকালীন বা নির্মাণের পর প্রদানকৃত অনুমোদিত নক্সা অনুসারে Traffic Circulation নির্মিত হয়েছে কিনা তা পর্যবেক্ষণ করা প্রয়োজন। তিনি বলেন, যদিও রাজউকের একটি সিদ্ধান্তের প্রেক্ষিতে বিষয়টি তেমন কার্যকর করা যাচ্ছে না। সে লক্ষ্যে ছাড়পত্র অনুসারে Traffic Circulation যাচাইয়ের উদ্দেশ্যে ডিটিসিএ'র নিয়মিত কাজের বাইরে এ কার্যক্রম শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। কার্যক্রম ৩.৩ এ র‍্যাপিড পাস ব্যবহারের প্রচার প্রসঙ্গে শুধুমাত্র চতুর্থ প্রান্তিকে লক্ষ্যমাত্রা নির্ধারিত হয়েছে। এ লক্ষ্যমাত্রা আরও বৃদ্ধি করা প্রয়োজন বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ প্রসঙ্গে নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান, One Card for All Transportation শীর্ষক সকারের পলিসি বাস্তবায়নের নিমিত্ত Facebook, Youtube সহ সকল সামাজিক যোগাযোগ মাধ্যমে এ বিষয়ে প্রচারের ব্যবস্থা করা হবে। কার্যক্রম ৩.৪ এ ঠিকাদার/পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ফিডব্যাক সভা বৃদ্ধি করার জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন। এ প্রসঙ্গে নির্বাহী পরিচালক, ডিটিসিএ বলেন, প্রতি ত্রৈমাসিকে ফিডব্যাক সভা

আয়োজন করা হবে। এ প্রসঙ্গে সভাপতি বলেন, ডিটিসিএ'র অন্যতম কার্যক্রম RSTP বাস্তবায়নের জন্য শুদ্ধাচার কর্মপরিকল্পনায় কোন কার্যক্রম গৃহীত হয়নি। এ প্রসঙ্গে নির্বাহী পরিচালক, ডিটিসিএ বলেন, RSTP বাস্তবায়ন একটি সময়াবদ্ধ কর্মপরিকল্পনা হওয়ায় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করা সমীচীন হবে না। সভায় RSTP দ্রুত সম্পন্নের পাশাপাশি RSTP আনুষ্ঠানিকভাবে বুঝে নেয়ার কাজটি সহজতর করার জন্য প্রতিটি ধাপে ডিটিসিএ'র মনিটরিংও সম্পৃক্তি বাড়ানো প্রয়োজন মর্মে আলোচিত হয়।

৪.৫ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে ডিএমটিসিএল'র প্রথম প্রান্তিকের নির্ধারিত ১০টি কার্যক্রমের মধ্যে ৩টি কার্যক্রমের লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে। লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নে প্রতিবন্ধকতা নেই উল্লেখ করে তিন বাকী ৭টি কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অর্জন নিশ্চিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

৪.৬ ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) এর প্রতিনিধি সভাকে জানান যে প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। ইতিমধ্যে কার্যক্রম ১.১ এ নৈতিকতা কমিটির সভা আয়োজন সম্পন্ন হয়েছে। বাকী কার্যক্রমগুলি নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হবে। কার্যক্রম ৩.৫ এ কর্মকর্তা/কর্মচারীদের মাঝে দুর্নীতি বিরোধী লিফলেট বিতরণ প্রসঙ্গে ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি সভাকে অবহিত করেন যে, বিআরটি'র ধরণ ও সুবিধা সম্পর্কে অবগত করার জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে লিফলেট বিলির কার্যক্রম গ্রহণ করা হয়েছিল। কিন্তু ভুলক্রমে কার্যক্রমটির নাম পরিবর্তিত হয়েছে। কার্যক্রমটি অর্থবহ করার ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি উল্লেখ করেন। লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়নে সভাপতি গুরুত্বারোপ করেন।

৫.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | (ক) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১.৩ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (stakeholders) সভার আওতায় ১টি সভা আগামী ৩০/০৯/২০২৩ খ্রিঃ এর মধ্যে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৩.৩ এ অধীনস্ত দপ্তর, সংস্থার সেবা কার্যক্রমের উপর গণশুনানী আয়োজনের মাধ্যমে স্বচ্ছতা আনয়ন কার্যক্রমের ২টি গণশুনানী বিআরটিএ ও সওজ এর সাথে পর্যায়ক্রমে আগামী ৩০/০৯/২০২৩ খ্রিঃ এর মধ্যে আয়োজন করতে হবে।<br>(গ) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ৩.৪ এ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে ২০০টি বিআরটিসি বাসে ETC চালু করতে হবে। | (ক) চেয়ারম্যান, বিআরটিসি/ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(খ) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর/চেয়ারম্যান, বিআরটিএ/শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ<br>(গ) চেয়ারম্যান, বিআরটিসি |
| (২) | (ক) সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রম ১.৫ এ কর্ম-পরিবেশ উন্নয়ন এ লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br>(খ) সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রম ২.৪ এ বর্ণিত PIC সভা আয়োজন এ লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br>(গ) সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রম ২.৫ এ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>(ঘ) সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রম ৩.৩ সংক্রান্ত "প্রধান প্রকৌশলী/মনোনীত প্রতিনিধি কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়নমূলক কাজ অনলাইনে/সরেজমিনে মনিটরিং" এ "প্রধান প্রকৌশলী/মনোনীত প্রতিনিধি কর্তৃক দৈবচয়ন ভিত্তিতে নির্বাচিত উন্নয়নমূলক কাজ অনলাইনে/সরেজমিনে মনিটরিং" এ ভাবে সংশোধন করা যেতে পারে। | প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (৩) | (ক) বিআরটিএ'র কার্যক্রম ১.৫ এ কর্মপরিবেশ উন্নয়ন এ ৪র্থ শ্রেণীর কর্মচারিদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধানের বিষয়ে কার্যক্রমটি গুরুত্ব সহকারে বাস্তবায়ন করতে হবে।<br>(খ) বিআরটিএ'র কার্যক্রম ৩.৩ এ ঢাকা ও চট্টগ্রাম মেট্রো সার্কেগুলোতে বহিরাগতদের অপতৎপরতা রোধে অভিযান পরিচালনা বিষয়ে বাস্তবতার নিরীখে ড্রাইভিং লাইসেন্স গ্রহণের ক্ষেত্রে অনিয়ম প্রতিরোধে বহিরাগতদের বিরুদ্ধে ভ্রাম্যমান আদালত পরিচালনা করতে হবে।<br>(গ) বিআরটিএ'র কার্যক্রম ৩.৬ এ হাইওয়েতে নিষিদ্ধ ঘোষিত/অযান্ত্রিক মোটরযানের বিরুদ্ধে জোরালো অভিযান পরিচালনা করতে হবে এবং বর্ণিত সকল লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| (৪) | (ক) বিআরটিসি'র কার্যক্রম ১.৩ এ বাস্তবায়নের নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং বিআরটিসি'র যৌথ উদ্যোগে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত যথাসময়ে অংশীজন (stakeholders) সভা আয়োজন করতে হবে।<br>(খ) বিআরটিসি'র সূচক ৩.২ এ ভিজিলেন্স টিম কর্তৃক বিআরটিসি বাসে শুদ্ধাচার পর্যবেক্ষণ ও বাস্তবায়ন প্রতিবেদন কার্যক্রমটি ফলপ্রসু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) বিআরটিসি'র সূচক ৩.৬ এ অডিট আপত্তির জবাব প্রস্তুত কার্যক্রমের লক্ষ্যমাত্রা পরিবর্তন করে কার্যক্রমটিতে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| (৫) | (ক) ডিটিসিএ'র ৩.২ এ ট্রাফিক সার্কুলেশন সংক্রান্ত পরিদর্শন কার্যক্রমের লক্ষ্যমাত্রা বৃদ্ধি করতে হবে।<br>(খ) ডিটিসিএ'র কার্যক্রম ৩.৩ এ র‍্যাপিড পাস ব্যবহারের প্রচার এর লক্ষ্যমাত্রা বৃদ্ধি করতে হবে।<br>(গ) ডিটিসিএ'র কার্যক্রম ৩.৪ এ ঠিকাদার/পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ফিডব্যাক সভা এর লক্ষ্যমাত্রা বৃদ্ধি করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| (৬) | ডিএমটিসিএল'র NIS কর্মপরিকল্পনাভুক্ত সকল কার্যক্রমে প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল |
| (৭) | ঢাকা বিআরটি'র কার্যক্রম ৩.৫ এ কর্মকর্তা/কর্মচারীদের মাঝে দুর্নীতি বিরোধী লিফলেট বিতরণ সংশোধন করে অর্থবহ কার্যক্রম গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| (৮) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তরসমূহের NIS কর্মপরিকল্পনাভুক্ত প্রথম প্রান্তিকের লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ, চেয়ারম্যান, বিআরটিএ/বিআরটিসি, নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (৯) | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৭/০৯/২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ, চেয়ারম্যান, বিআরটিএ/বিআরটিসি, নির্বাহী পরিচালক, ডিটিসিএ, ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |

৬.০ সভাপতি সমাপনী বক্তব্যে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুসারে সকল লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। সকল অর্জনের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ এবং অগ্রগতি প্রতিবেদনের সাথে তা প্রেরণের উপর সভাপতি বিশেষ গুরুত্বারোপ করেন।

৭.০ আর কোনো বিষয় আলোচনায় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০১১.২৩-১১৬

তারিখ : ২৩ শ্রাবণ ১৪৩০ / ০৭ আগস্ট ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা
০৫। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
০৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১। একান্ত সচিব, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি/মাস্টার কপি।

অনুলিপি (কার্যার্থে):

১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)

৭।৮।২৩

(মুহাম্মদ কামরুল হাসান)
উপসচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮